138

আজকের কাগজ

তারিখ 03 APR 1996
পৃষ্ঠা ৫ কলাম ৭

# শিক্ষাঃ দেশের প্রধান সমস্যা

**সমস্যা**

একথা বলার অপেক্ষা রাখে না যে, শিক্ষাই জাতির ভবিষ্যত। আর এটিও বাস্তব যে, নতুন প্রজন্মের সমস্ত চাওয়া পাওয়া এই শিক্ষার মাধ্যমেই লুকায়িত্ব। শিক্ষা ছাড়া কোনো জাতি উন্নতি করতে পারে না তা আমরা প্রতিবেশী দেশ বা বিশ্বের মানচিত্রে একটু দৃষ্টি দিলেই অবগত হতে পারি। বলাবাহুল্য এই বিষয়ে অতীতে বিভিন্ন দার্শনিক, সাহিত্যিক তাদের বাণী ও সাফল্যময় শিক্ষা কর্মজীবনের মাধ্যমে প্রতিফলন ঘটিয়ে প্রমাণ করে গেছেন। ফরাসীর প্রখ্যাত দার্শনিক বলেছেন, "যে জাতি শিক্ষায় উন্নত নয় সে জাতি মনে এবং ধনে কখনও সাফল্য লাভ করতে পারে না"। কিন্তু আমাদের দেশে শিক্ষার এই প্রচার শুধু মুখে মুখেই। এ পর্যন্ত কতটুকু আমরা শিক্ষার গতিকে সম্প্রসারিত করতে পেরেছি? আর এর প্রধান কারণ শিক্ষার যথাযথ পরিবেশের অভাব। আর এর জন্যে চাই একটা মুক্ত পরিবেশে লেখা পড়ায় সুযোগ। কিন্তু আমাদের দেশে লেখা পড়ার পরিবেশ কোথায়?

চিরস্মরণীয় সেই গানটাই যেতো বলে দেয় যে, "কেনো বিদ্যালয়ে ফুটছে বোমা আর সন্ত্রাসিদের চলছে আনাগোনা, জবাব তোমায় দিতেই হবে মাগো।"

যাদের হাতে এখন থাকার কথা খাতা কলম আর জ্ঞান পিপাসু একটা নিষ্পাপ মন তারা কেনো কলম ছুঁড়ে ফেলে কমল হাতে তুলে নিচ্ছে শক্তি অস্ত্র? একদিন যারা হৃদয় জুড়ে সোনালী স্বপ্নের জাল বুনে দেশ গড়ার দৃঢ় শপথ নিয়ে পা বাড়িয়েছিলো শিক্ষা প্রাঙ্গনে, আজ তারা কেনো হতাশা আর ব্যর্থতার পাহাড় বুকে বেঁধে বেরিয়ে যাচ্ছে? দেশের এই বিরাট জনসমস্যার দিক কি দেখছেন না দেশের বড় বড় রাজনৈতিক দল। আর যারা গোটা দেশকে পরিচালনার ভার নিয়েছে? এর কি কোনোই সমাধান নেই?

তা হলে শিক্ষার সিঁড়ি কি ধ্বংস হয়ে যাবে– ছিনতাই আর সন্ত্রাসিদের পদতলে? তাই আমাদের সবার কাম্য হওয়া উচিত দেশের এই শিক্ষাঙ্গন থেকে ঘৃণিত সন্ত্রাসিদের উচ্ছেদ করে সমাজে শান্তির ছোঁয়াতে সকল শিক্ষাঙ্গন শীতল করে শিক্ষার্থিদের স্বাধীন চেতনার প্রতিফলন ঘটানো। আর এর মাধ্যমেই সম্ভব এই অশিক্ষিত অন্ধকারে নিমজ্জিত একটা দেশ তথা সমগ্র জাতিকে জ্ঞানের আলোতে উদ্ভাসিত করা এবং বাঙালির স্বাধীনতার স্বপ্ন বাস্তবায়ন করা।

❑ প্রবীন বিশ্বাস
২৪ নন্দ লাল দত্ত লেন
লক্ষীবাজার, ঢাকা–১১০০